# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৪৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, কোন ব্যক্তি কোন শহরে ১০ দিন অবস্থান করার নিয়ত করবে, তিনি সালাত কসর করতে পারবে

ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّ مَنْ عَزَمَ عَلَى إِقَامَةِ عَشْرٍ فِي بَلْدَةٍ وَاحِدَةٍ لَهُ أَنْ يَقْصُرَ الصلاة

---

আরবী

2743 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ إِمْلَاءً قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ يَحْيَى بْنِ أَبِي إِسْحَاقَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: خَرَجْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنَ الْمَدِينَةِ إِلَى مَكَّةَ فَلَمْ يَزَلْ يَقْصُرُ حَتَّى رجع وأقام بها عشرا.
الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2743 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1106): ق.

বাংলা

২৭৪৩. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে মদীনা থেকে মক্কার উদ্দেশ্যে বের হই। অতঃপর তিনি ফিরে না আসা পর্যন্ত আমাদের নিয়ে সালাত কসর করতে থাকেন। তিনি সেখানে ১০ দিন অবস্থান করেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১৯০; সহীহ মুসলিম: ৬৯৩; সহীহুল বুখারী: ১০৮১; ইবনুল জারূদ, আল মুনতাকা: ২২৪; আবূ আওয়ানা: ২/৩৪৬; তিরমিযী: ৫৪৮; আবূ দাউদ: ১২৩৩; নাসাঈ: ৩/১২১; দারেমী: ১/৩৫৫; ইবনু মাজাহ: ১০৭৭; সুনান বাইহাকী: ৩/১৩৬।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১১০৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92073

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন